রাষ্ট্রপতির কার্যালয়
জন বিভাগ
বঙ্গভবন, ঢাকা

বিষয়: **নৈতিকতা কমিটির সভার কার্য বিবরণী।**

সভাপতি : জনাব সম্পদ বড়ুয়া
সচিব
জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
সভার সময় ও তারিখ : ২৮ জুলাই ২০২০ বেলা ০৩.০০ টা।
স্থান : সচিব মহোদয়ের অফিস কক্ষ।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপসচিব (প্রশাসন) জনাব মো: ওবায়দুল ইসলাম জানান যে, কোভিড ১৯ এর প্রাদুর্ভাবজনিত কারণে ২৬ মার্চ ২০২০ হতে সাধারণ ছুটি ঘোষিত হওয়ায় এবং এপ্রিল ও মে মাস সাধারণ ছুটি থাকায় নৈতিকতা কমিটির তৃতীয় কোয়ার্টারের সভা অনুষ্ঠান করা সম্ভব হয় নাই। একই কারণে মন্ত্রিপরিষদ বিভাগে শুদ্ধাচার বিষয়ক তৃতীয় কোয়ার্টারের রিপোর্ট প্রেরণ করা সম্ভব হয় নাই। এরপর তিনি ২০১৯-২০২০ সালের শুদ্ধাচার কৌশল পরিকল্পনার কার্যক্রম ভিত্তিক নিম্নরূপ বিবরণ উপস্থাপন করেন। আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত ৩ নম্বর কলামে উল্লিখিত সিদ্ধাসমূহ গৃহীত হয়:

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪
১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা			
১.১। নৈতিকতা কমিটির সভা	গত ২২ জানুয়ারি ২০২০ তারিখ নৈতিকতা কমিটির ২য় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার অধিকাংশ সিদ্ধান্ত ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে।	২য় কোয়ার্টারে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার অবশিষ্ট সিদ্ধান্ত যথাসম্ভব শীঘ্র বাস্তবায়ন করতে হবে।	প্রশাসন শাখা
২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন			
২.১। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনদের অংশগ্রহণে সভা অনুষ্ঠিত	২০১৯-২০২০ সালের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় অংশীজনদের নিয়ে ২টি সভা অনুষ্ঠানের কথা বলা হয়েছে। তন্মধ্যে ৩০.১২.২০১৯ খ্রি. তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। কোভিড ১৯ এর প্রাদুর্ভাব জনিত সাধারণ ছুটি ও স্বাস্থ্যবিধি জনিত কারণে ২য় সভাটি অনুষ্ঠান করা সম্ভব হয় নাই। তবে অনুষ্ঠিত প্রথম সভাটির অধিকাংশ সিদ্ধান্তই বাস্তবায়িত হয়েছে।	অংশীজনদের অংশগ্রহণে অনুষ্ঠিত ৩০.১২.২০১৯ খ্রি.তারিখের সভার অবশিষ্ট সিদ্ধান্তসমূহ যথাসম্ভব শীঘ্র বাস্তবায়ন করতে হবে।	প্রশাসন শাখা
২.২ কর্মকর্তা -কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	২০১৯-২০২০ সালের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকুরী সংক্রান্ত ২টি (৪১ জন) প্রশিক্ষণ আয়োজনের কথা বলা হয়েছে। প্রমাপ অনুযায়ী ২টি প্রশিক্ষণই সম্পন্ন হয়েছে।	প্রমাপ অনুযায়ী চাকুরী সংক্রান্ত প্রশিক্ষণ অনুষ্ঠান সম্পন্ন হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।	প্রশাসন শাখা
২.৩ কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	২০১৯-২০২০ সালের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত ২টি (৪১ জন) প্রশিক্ষণ আয়োজনের কথা বলা হয়েছে। প্রমাপ অনুযায়ী ২টি প্রশিক্ষণই সম্পন্ন হয়েছে।	প্রমাপ অনুযায়ী সুশাসন বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠান সম্পন্ন হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।	প্রশাসন শাখা
৩.শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়েল প্রণয়ন/সংস্কার/হালনাগাদকরণ ও প্রজ্ঞাপন/পরিপত্র জারি			
৩.১। জন বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের নিয়োগ বিধি ২০১৯ সংশোধন	জন বিভাগের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগবিধি ২০১৯ সংশোধনের নিমিত্তে গঠিত কমিটির চূড়ান্ত সভা অনুষ্ঠিত হয়েছে এবং কমিটি কর্তৃক সংশোধনী প্রস্তাব চূড়ান্ত করা হয়েছে।	কমিটি কর্তৃক নিয়োগবিধি সংশোধনী প্রস্তাব চূড়ান্ত করে দাখিল করায় সভাপতি ধন্যবাদ জ্ঞাপন করেন।	

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪
৪.ওয়েব সাইটে সেবাবক্স হালনাগাদ করণ			
৪.১। সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ তথ্য বাতায়নে দৃশ্যমানকরণ	সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ রাষ্ট্রপতির কার্যালয়ের ওয়েবসাইটে সন্নিবেশ করা হয়েছে।	সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ এ কার্যালয়ের ওয়েবসাইটে সবসময় দৃশ্যমান রাখতে হবে।	আইসিটি শাখা
৪.২। ওয়েব সাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ	শুদ্ধাচার কৌশল সংক্রান্ত সেবাবক্স এ কার্যালয়ের ওয়েবসাইটে হালনাগাদ করে দৃশ্যমান রাখা হয়েছে।	এ কার্যালয়ের ওয়েবসাইটে শুদ্ধাচার কৌশল সেবাবক্স সবসময় হালনাগাদ করে প্রদর্শন অব্যাহত রাখতে হবে।	আইসিটি ও প্রশাসন শাখা
৪.৩। স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ	এ কার্যালয়ের স্বপ্রনোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা ২০১৭ সালে প্রস্তুত করে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। নির্দেশিকাটি হালনাগাদ করা প্রয়োজন কিনা তা পরীক্ষা করে দেখার সিদ্ধান্ত ছিল। পরীক্ষা নিরীক্ষা করে দেখার কাজ চলমান আছে।	ওয়েব সাইটে প্রকাশিত স্বপ্রনোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ করা প্রয়োজন কিনা তা পরীক্ষা নিরীক্ষর কাজটি যথাসম্ভব শীঘ্র শেষ করতে হবে।	আইসিটি ও প্রশাসন শাখা
৪.৪। ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদকরণ	এ কার্যালয়ের ওয়েবসাইটে তথ্য অধিকার বিষয়ক সেবাবক্স হালনাগাদ করে প্রদর্শন করা হয়েছে।	ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদ করার কাজ অব্যাহত রাখতে হবে।	আইটি শাখা
৪.৫। ওয়েবসাইটে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) সেবাবক্স হালনাগাদকরণ	এ কার্যালয়ের ২য় জেনারেশনের সিটিজেন চার্টার প্রণয়নের কাজ চূড়ান্ত না হওয়ায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) সেবাবক্স ওয়েব সাইটে প্রকাশ করা সম্ভব হয় নাই। ইতোমধ্যে সিটিজেন চার্টার চূড়ান্ত ভাবে প্রণয়ন করে তা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। সেই সাথে জিআরএস সেবাবক্স ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।	সিটিজেন চার্টার ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) সেবাবক্স ওয়েবসাইটে প্রকাশিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।	প্রশাসন ও আইসিটি শাখা
৫. সুশাসন প্রতিষ্ঠা			
৫.১। উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ	এ কার্যালয়ের উত্তম চর্চাসমূহের তালিকা করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।	তালিকাভুক্ত উত্তমচর্চাসমূহের অনুশীলন অব্যাহত রাখার এবং উত্তম চর্চার সংখ্যা বৃদ্ধি করার জন্য সভাপতি সকলকে তাগিদ দেন।	প্রশাসন শাখা
৫.২। বাংলাদেশ জাতীয় ডিজিটাল আর্কিটেকচার এর ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ ও ওয়েবসাইটে প্রকাশ	বাংলাদেশ জাতীয় ডিজিটাল আর্কিটেকচার এর ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ করা হয়েছে এবং তা ওয়োবসাইটে প্রকাশ করা হয়েছে।	বাংলাদেশ জাতীয় ডিজিটাল আর্কিটেকচার এর ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম ওয়েবসাইটে প্রকাশ করায় সভাপতি সন্তোষ প্রকাশ করেন।	প্রশাসন ও আইসিটি শাখা
৫.৩। জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্যপ্রকাশ (সুরক্ষা প্রদান) বিধিমালা ২০১৭ এর ৪ বিধি অনুসারে ডেজিগনেটেড অফিসার নিয়োগ ও ওয়েবসাইটে প্রকাশ	জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্যপ্রকাশ (সুরক্ষা প্রদান) বিধিমালা ২০১৭ এর ৪ বিধি অনুসারে ডেজিগনেটেড অফিসার নিয়োগ পূর্বক তা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।	এ বিষয়ক ডেজিগনেটেড অফিসার এর নাম ওয়েবসাইটে প্রকাশ করায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।	প্রশাসন ও আইসিটি শাখা

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪
৬. ক্রয় ক্ষেত্রে শুদ্ধাচার			
৬.১। পিপএ ২০০৬ ধারা ১১(২) ও পিপিআর ২০০৮ এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০১৯-২০ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ	২০১৯-২০ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা ইতোমধ্যে প্রণীত ও ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে।	চলমান বছরের ক্রয় পরিকল্পনা ইতোমধ্যে প্রণীত ও ওয়েবসাইটে প্রকাশিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।	সেবা শাখা
৬.২। ই টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্যক্রম সম্পাদন	জন বিভাগের নিয়মিত ক্রয় কার্যক্রমসমূহ ক্ষুদ্র প্রকৃতির। তাই ক্রয় কার্যক্রম ই-টেন্ডারের মাধ্যমে করা প্রয়োজন হচ্ছে না। তবে এ দপ্তর ই-টেন্ডার নেটওয়ার্কের সাথে যুক্ত আছে।	বড় আকারের ক্রয় কার্যক্রম অবশ্যই ই-টেন্ডারের মাধ্যমে করতে হবে।	সেবা শাখা
৭. স্বচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণ			
৭.১। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ	জন বিভাগের জন্য ২য় প্রজন্মের সিটিজেন চার্টার প্রণয়নপূর্বক তা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।	জন বিভাগের জন্য ২য় প্রজন্মের সিটিজেন চার্টার প্রণয়নপূর্বক তা ওয়েবসাইটে প্রকাশ করায় সভায় সন্তোষ প্রকাশ করা হয।	প্রশাসন শাখা
৭.২। শাখা/ /অধিশাখা ও আওতাধীন/ অধস্তন কার্যালয় পরিদর্শন	চলতি বছরে যুগ্মসচিব জনাব মো: শাহাবুদ্দিন খান ২টি শাখা পরিদর্শন করেছেন। অন্য কোন কর্মকর্তা শাখা পরিদর্শন করেন নাই।	শাখা কর্মকর্তাগণ বছরে ২ বার নিজ নিজ শাখা এবং তদুর্ধ কর্মকর্তা বছরে ৪টি শাখা পরিদর্শন করবেন।	সকল কর্মকর্তা, জন বিভাগ
৭.৩ সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণী বিন্যাসকরণ, বিন্যাসকৃত নথি বিনষ্টকরণ	সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণী বিন্যাস কার্যক্রম চলমান আছে।	সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নিয়মিতভাবে নথির শ্রেনী বিন্যাসের কাজ করতে হবে এবং বিনষ্টযোগ্য নথিপত্র নিয়মিত লিস্ট করতে ও বিনষ্ট করতে হবে।	সকল শাখা
৮. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধ সহায়ক অন্যান্য কার্যক্রম			
৮.১। জন বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের অফিসে উপস্থিতির বিষয়ে বায়োমেট্রিক পদ্ধতি চালুকরণ	জন বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের অফিসে উপস্থিতির বিষয়ে বায়োমেট্রিক পদ্ধতি চালুর সিদ্ধান্ত থাকলেও তা চালু করা অদ্যাবধি সম্ভব হয়নি।	জন বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের অফিসে (পিজিআর ভবনে) হাজিরা বিষয়ে বায়োমেট্রিক পদ্ধতি চালু করতে হবে।	সেবা শাখা
৯. শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার প্রদান			
১০. অর্থ বরাদ্দ			
১০.১। শুদ্ধাচার পুরস্কার প্রদান ও সংশ্লিষ্ট কোডে অর্থ বরাদ্দ করণ	২০১৯-২০ সালে শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য সংশ্লিষ্ট কোডে অর্থ বরাদ্দ রাখা হয়েছিল। কিন্তু কভিড-১৯ পরিস্থিতি জনিত কারণে পুরস্কার প্রদান কার্যক্রম স্থগিত রাখা হয়েছে।	কভিড ১৯ পরিস্থিতি জনিত কারণে শুদ্ধাচার পুরস্কার প্রদান স্থগিত রাখার বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করতে হবে।	প্রশাসন ও হিসাব শাখা
১০.২। শুদ্ধাচার কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমাণ	শুদ্ধাচার কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহের বাস্তবায়নের জন্য এক লক্ষ টাকা বারাদ্দ রাখা হয়েছিল। মূলত এটি শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য । কিন্তু কোভিড-১৯ পরিস্থিতি জনিত কারণে শুদ্ধাচার পুরস্কার প্রদান এবছর স্থগিত রাখা হয়েছে।	বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করতে হবে।	প্রশাসন ও হিসাব শাখা

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪
১১.পরিবীক্ষণ ও মূল্যায়ন			
১১.১। প্রণীত শুদ্ধাচার কৌশল কর্ম -পরিকল্পনা ২০১৯-২০ মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল ও ওয়েবসাইটে আপলোডকরণ	জন বিভাগ প্রণীত ২০১৯-২০ সালের শুদ্ধাচার কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে এবং এ কার্যালয়ের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।		প্রশাসন ও আইসিটি শাখা
১১.২। নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল ও ওয়েবসাইটে আপলোডকরণ	শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের ১ম ও ২য় কোয়ার্টারের বাস্তবায়ন প্রতিবেদন যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও তা ওয়েসাইটে আপলোড করা হয়েছে। কিন্তু কোভিড-১৯ পরিস্থিতি জনিত কারণে অফিস ছুটি থাকায় ৩য় কোয়ার্টারে পরিবীক্ষণ প্রতিবেদন প্রস্তুত ও প্রেরণ করা সম্ভব হয় নাই। এক্ষণে ৪র্থ কোয়ার্টারের প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।	৪র্থ কোয়ার্টারের প্রতিবেদন অতি শীঘ্র মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।	প্রশাসন শাখা
১২. ২০২০-২১ সালের শুদ্ধাচার পরিকল্পনা প্রণয়ন			
শুদ্ধাচার পরিকল্পনা ২০২০-২১ প্রণয়ন	জন বিভাগের জন্য ২০২০-২১ সালের শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রস্তুত করে সভায় উপস্থাপন করা হয়।	২০২০-২১ সালের জন্য প্রণীত শুদ্ধাচার কর্মপরিকল্পনা সভায় অনুমোদন করা হয় এবং তা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রশাসন শাখা

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৪/৮/২০২০

(সম্পদ বড়ুয়া)
সভাপতি
নৈতিকতা কমিটি
ও
সচিব
জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়
বঙ্গভবন, ঢাকা।